দৈনিক সংবাদ

তারিখ ...31 DEC 1990...
পৃষ্ঠা... ৬ ... কলাম... ৪ ...

43

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির তলবী সভা

# ছাত্র শিবির নিষিদ্ধ ও সন্ত্রাসীদের শাস্তি দিতে হবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৩০শে ডিসেম্বর।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষকদের তলবী সভায় সন্ত্রাসী ঘটনার সঙ্গে জড়িত শিবিরকর্মীদের বিরুদ্ধে আইনানুগ শাস্তি বিধান এবং ছাত্র সংগঠন হিসেবে এ বিশ্ববিদ্যালয়ে তাদের নিষিদ্ধ করার দাবী জানানো হয়েছে। সভায় প্রশাসন ক্যাম্পাসকে সম্পূর্ণ অস্ত্রমুক্ত ঘোষণার পূর্ব পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার জন্য কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৪১ জন শিক্ষকের আহ্বানে আজ সকালে কলাভবনে ডঃ ফসিউল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এ তলবী সভায় ১২৫ জন শিক্ষক উপস্থিত ছিলেন।